

সার্বজনীন ক্ষতি হ্রাস শিক্ষার স্ক্রিপ্ট (Universal Harm Reduction Education Script)

এই স্ক্রিপ্টটি এমন একটি টুল যা আশ্রয় কর্মীরা সমস্ত ক্লায়েন্টদের সাথে ব্যবহার করতে পারেন যাতে তারা নিশ্চিত করতে পারেন যে তারা তাদের বা তাদের পরিচিত কারো জন্য উপলব্ধ হুঁকি হ্রাস সহায়তা সম্পর্কে সচেতন।

স্ক্রিপ্ট

আশ্রয়গুলিতে ওভারডোজ এবং অন্যান্য মাদক ও অ্যালকোহল সম্পর্কিত জরুরি অবস্থা খুবই সাধারণ, তাই আমরা সমস্ত ক্লায়েন্টদের এই তথ্য প্রদান করি। এই তথ্যটি আপনার অথবা আপনার পরিচিত কারো জন্য হতে পারে।

মাদকের সরবরাহে ফেন্টানাইল (খুব শক্তিশালী ওপিওয়েড) এবং জাইলাজিন (জীবজন্তুর ট্রানকুইলাইজার) দ্বারা দূষিত হওয়ায় ওভারডোজ বৃদ্ধি পাচ্ছে এবং অন্যান্য নতুন মাদক যেকোনো সময় মাদকের সরবরাহকে দূষিত করতে পারে।

- এই কারণে, আমরা সকল ক্লায়েন্টকে **ন্যাালোক্সোনের** ওভারডোজের বিপরীতে প্রশিক্ষণ নেওয়ার পরামর্শ দিচ্ছি।

এমন কিছু চিকিৎসা এবং ওষুধ রয়েছে যা কোনো ব্যক্তিকে কম মাদক বা অ্যালকোহল ব্যবহার করতে সাহায্য করতে পারে।

কিছু ক্ষতি হ্রাসকারী প্রোগ্রাম রয়েছে যেখানে সক্রিয়ভাবে মাদক গ্রহণকারী ব্যক্তিরা ওভারডোজ রোধ করতে এবং নিরাপদ থাকার জন্য সহায়তা পেতে পারেন। এগুলো হল ওয়াক-ইন প্রোগ্রাম, এবং আপনাকে আপনার নাম দিতে হবে না।

পরিচর্যা এবং পরিষেবা খুঁজে পেতে:

- আপনার অনসাইট স্বাস্থ্যসেবা বা মাদকদ্রব্য ব্যবহার প্রদানকারীর সাথে কথা বলুন
- H+H Expresscare** - www.expresscare.nyc/dhs অথবা (845) 397-2273। বিমাকৃত এবং বিমাহীনদের জন্য 24/7 ভার্চুয়াল চিকিৎসা, মাদক ব্যবহার এবং মানসিক স্বাস্থ্যের জরুরি পরিচর্যা এবং ওষুধের অ্যাক্সেস।
- 988** - ক্ষতি হ্রাস, মানসিক স্বাস্থ্য বা নেশার দ্রব্য ব্যবহারের পরিষেবা ও পরিচর্যা নিউ ইয়র্ক সিটির যেকোনো স্থানে খুঁজে পেতে NYC 988 -এ 24/7 কল করুন, টেক্সট করুন বা [অনলাইন](#) ভিজিট করুন।

আপনি মাদক বা অ্যালকোহল ব্যবহার করলে নিরাপদ থাকার টিপস (Tips for Staying Safe if You Use Drugs or Alcohol) গাইডটি নিয়ে মনযোগ সহকারে দেখুন এবং আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা সাহায্য পেতে চান তবে আমাদের জানান_